ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

| | |
|---|---|
| স্টেশন প্রকৌশলী | |
| উপস্টেশন প্রকৌশলী | |
| সহকারী বেতার প্রকৌশলী | |
| রেডিও টেকনিশিয়ান | |

M Rahman
08/06/2025

৬৩৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.০১৪.১৬.০৩৪২.২৪. ৭৬৬ তারিখ: 08/06/2025

**বিষয়ঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে মে ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ।**

সূত্র: তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রশাসন-২ অধিশাখার ২/৬/২০২৫ তারিখের ১৫.০০.০০০০.০১৫.০৬.০৩৩.২৫.১৩৭ সংখ্যকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৭ মে ২০২৫ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের নিয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন আগামী ১৫ জুন ২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে নিকস্ ফন্টে সফটকপি ও হার্ডকপি ই-মেইলে bbetar80@gmail.com এ প্রেরণের জন্য পত্রের অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি: কার্যবিবরণীর অনুলিপি।**

08/06/25

সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা (সদয় অবগতিকল্পে)
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, কারিগরী কার্য বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (প্রকল্পের ই-জিপি সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৩। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (ওয়েব সাইট হালনাগাদ করণের তথ্যাদি প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (ই-জিপি সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৫। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (অডিট সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৬। জনাব রোকসানা রহমান, উপপরিচালক ও এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, লিয়াজোঁ শাখা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (এপিএ সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৭। জনাব মোঃ আবু হানিফ, সহকারী বার্তা নিয়ন্ত্রক (আইন), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মামলা সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৮। জনাব মোঃ রুবাইয়াত হোসেন, সহকারী বেতার প্রকৌশলী ও ডি-নথির ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাংলাদেশ বেতার, সংরক্ষণ অনুবিভাগ সদর দপ্তর, ঢাকা (ডি-নথি সংক্রান্ত তথ্য প্রেরণের অনুরোধসহ)
৯। প্রশাসনিক অফিসার, হিসাব রক্ষণ অফিসার/সংস্থাপন-১/সংস্থাপন-২/ হিসাব শাখা/আইন/যানবাহন শাখা, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা ( তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে পেন্ডিং বিষয়াদির তালিকা প্রেরণের অনুরোধসহ)
৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

স্মারক নম্বর: ১৫.০০.০০০০.০১৫.০৬.০৩৩.২৫.১৩৭

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩২ / ০২ জুন ২০২৫

**বিষয়: মে/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

গত ২৭ মে ২০২৫ তারিখে সচিব মহোদয়ের সভাপতিতে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের নিয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্যাদি (হার্ডকপি ও সফটকপি) আগামী ১৮ জুন ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: কার্যবিবরণী ০৫ (পাঁচ) পাতা।

২/৬/২৫


সালমা হাসনায়েন
উপসচিব
ফোন: ০২২২৩৩৮০৭৮৭
ই-মেইল: admin2@moi.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা
৩. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা
৫. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা
৬. যুগ্মসচিব (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকা
৮. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা
৯. সচিব, তথ্য কমিশন বাংলাদেশ, ঢাকা
১০. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
১১. মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা
১২. মহাপরিচালক, বাংলাদেশ প্রেস ইনস্টিটিউট, ঢাকা
১৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট, ঢাকা
১৪. ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা
১৫. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা
১৬. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, ঢাকা
১৭. সচিব, বাংলাদেশ প্রেস কাউন্সিল, ঢাকা
১৮. অধিশাখা/শাখা প্রধান (সকল), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৯. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
২০. সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**অনুলিপি:**

১. উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
২. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

# মে-২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মাহবুবা ফারজানা<br>সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ২৭ মে ২০২৫, দুপুর ১২:৩০ টা |
| সভার স্থান | : | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'তে সংযুক্ত |

সভায় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-২) সভায় আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **এপ্রিল-২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:**<br><br>এপ্রিল-২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোনো সংশোধনী প্রস্তাব নেই মর্মে সভায় সকলে একমত প্রকাশ করেন। | কোনো সংশোধন না থাকায় এপ্রিল-২০২৫ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। | - |
| ২. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি:**<br><br>উপসচিব (বাজেট-১) জানান যে, ২০২৪-২৫ অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সংশোধিত পরিচালন বাজেটে ২০০টি ই-জিপি ও ২৭০টি ম্যানুয়াল টেন্ডারসহ মোট ৪৭০টি ক্রয় পরিকল্পনা করা হয়। প্রাক্কলিত ব্যয় মোট ১২৫,৫১,৭৪,০০০/- টাকা। ৩য় প্রান্তিক (জানুয়ারি-মার্চ ২০২৫) পর্যন্ত ৬১টি ই-জিপি ও ১২১টি ম্যানুয়াল ক্রয়সহ মোট ১৮২টি ক্রয় বাস্তবায়িত হয়েছে (৩৯%)। ব্যয়িত অর্থের পরিমাণ ১৪,০৫,২৯,০০০/- টাকা।<br><br>সভাপতি দপ্তর/সংস্থাভিত্তিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের সর্বশেষ অবস্থা জানতে চান। ডিএফপি, বেতার, সার্টিফিকেশন বোর্ড, প্রেস কাউন্সিল, পিআইবি ও বাসসের কর্মকর্তাগণ জানান যে, ক্রয় কার্যক্রম শেষের দিকে রয়েছে।<br><br>গণযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক এবং বিটিভি'র মহাপরিচালক (ভারপ্রাপ্ত) জানান যে, অর্থবছর শেষে উল্লেখযোগ্য পরিমাণ টাকা খরচ করা সম্ভব হবে না।<br><br>তথ্য কমিশনের প্রতিনিধি জানান যে, কমিশন না থাকায় ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সম্ভব হয়নি। তবে ৪৫ লক্ষ টাকায় একটি গাড়ি ক্রয়ের জন্য অর্থ উপযোজন করে মন্ত্রণালয়ে ক্রয় | ক) নির্ধারিত সময়ের মধ্যে ক্রয় পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>খ) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর সর্বশেষ সংশোধনী অনুসরণপূর্বক আগামী অর্থবছর থেকে ই-জিপি পোর্টালে প্রক্রিয়াযোগ্য সকল ক্রয় ই-জিপিতে করতে হবে।<br><br>গ) আগামী অর্থবছরের সংশোধিত বাজেট প্রস্তুতের সময় খাতভিত্তিক অর্থের চাহিদা সঠিকভাবে নিরূপণ করে প্রস্তাব প্রেরণ করতে হবে। বাজেট উপযোজনের আধিক্য পরিহার করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। উপসচিব (প্রশাসন-১)<br>৪। উপসচিব (বাজেট-১) |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রস্তাব অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। বিষয়টি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন।<br><br>পিআইডি'র প্রধান তথ্য অফিসার জানান যে, পিআইডি'র ১০০% ক্রয় বাস্তবায়িত হয়েছে এবং বিএফডিসি'র ব্যবস্থাপনা পরিচালক জানান যে, বিএফডিসি-তে কোনো ক্রয় কার্যক্রম নেই।<br><br>সভাপতি বলেন যে, নির্ধারিত সময়ে সকল ক্রয় সম্পন্ন করার নিমিত্ত জরুরিভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া, সম্প্রতি পিপিএ, ২০০৬ এ কিছু সংশোধন করা হয়েছে। সর্বশেষ সংশোধনী অনুসরণপূর্বক আগামী অর্থবছর থেকে ই-জিপি পোর্টালে প্রক্রিয়াযোগ্য সকল ক্রয় ই-জিপিতে সম্পন্ন করতে হবে।<br><br>তিনি আরও বলেন যে, বাজেট পরিকল্পনায় আরও সতর্কতা অবলম্বন প্রয়োজন। সংশোধিত বাজেট প্রস্তুতের সময় খাতভিত্তিক বরাদ্দের চাহিদা সঠিকভাবে নির্ণয় করতে হবে। | | |
| ৩. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের অডিট আপত্তি সংক্রান্ত:**<br><br>সহকারী সচিব (প্রশাসন-৩) জানান যে, এপ্রিল/২০২৫ মাসে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে পুঞ্জীভূত অডিট আপত্তির সংখ্যা ছিল ৪৫৯টি, আপত্তিকৃত টাকার পরিমাণ ৮৭৪,৫৩,২৩,০০০/- টাকা। উক্ত মাসে ০৬টি আপত্তি নিষ্পত্তি হয়েছে, যার আর্থিক সংশ্লেষ ৪,২৫,০৬,০০০/- টাকা। বর্তমানে ৪৫৩টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে যাতে জড়িত অর্থের পরিমাণ ৮৭০,২৮,১৭,০০০/- টাকা।<br><br>তিনি আরও জানান যে, এপ্রিল/২০২৫ মাসে মন্ত্রণালয় থেকে ৩৩টি SFI আপত্তির ব্রডশীট জবাব দেয়া হয়েছে। দপ্তর/সংস্থা থেকে ৪৭টি আপত্তির জবাব দেয়া হয়েছে। বাসসের ১৬টি ও ডিএফপির ৬টি অডিট আপত্তি নিয়ে ত্রি-পক্ষীয় সভা করা হয়েছে। বিটিভি ও বেতারের অডিট আপত্তি নিয়ে ত্রি-পক্ষীয় সভার জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত আছে। | দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আহবানের মাধ্যমে বিদ্যমান আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন)<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। মহাপরিচালক, অডিট অধিদপ্তর<br>৪। সহকারী সচিব (প্রশাসন-৩) |
| ৪. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সংশ্লিষ্ট মামলা:**<br><br>সহকারী সচিব (আইন) জানান যে, মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থার উচ্চ আদালতে বিচারাধীন ৫৩১টি মামলার মধ্যে ২৪ মে ২০২৫ তারিখ পর্যন্ত ৪৬৯টি মামলা স্মার্ট কেস ম্যানেজমেন্ট সিস্টেমে এন্ট্রি করা হয়েছে। মামলার হ্রাস-বৃদ্ধি হওয়ার ফলে এর কার্যক্রম চলমান আছে। দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী, মার্চ/২০২৫ মাস পর্যন্ত বিচারাধীন মামলার সংখ্যা ছিল ৭৩০টি। এপ্রিল/২০২৫ মাসে ০৩টি নতুন রিট মামলা দায়ের হয়েছে। ০৩টি রিট মামলা | ক) চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>খ) বিটিআরসি'র সাথে যোগাযোগ করে মামলার জবাব ও এন্ট্রির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | ১। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>২। আইন কর্মকর্তা |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সরকার পক্ষে নিষ্পত্তি হয়েছে ও ০১টি সিভিল পিটিশন ফর লিভ টু আপিল সরকার বিপক্ষে খারিজ হয়েছে। উল্লেখ্য, এপ্রিল/২০২৫ মাসে বিচারাধীন মোট মামলার সংখ্যা ৭২৬টি।<br><br>তিনি আরও জানান যে, এপ্রিল/২০২৫ মাসে সরকারের পক্ষে ১টি ও বিপক্ষে ৩টি মামলা নিষ্পত্তি হয়েছে।<br><br>সকল মামলা এন্ট্রি হয়েছে কিনা, সভাপতির এরূপ প্রশ্নের পরিপ্রেক্ষিতে তিনি জানান, এ পর্যন্ত ৪৭৬টি মামলা এন্ট্রি করা হয়েছে। অন্য মামলাগুলোয় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রধান বিবাদী না হওয়ায় এন্ট্রি করা হয়নি। প্রধান বিবাদী মন্ত্রণালয়/সংস্থা এন্ট্রি করবে। বেশিরভাগ মামলার প্রধান বিবাদী বিটিআরসি।<br><br>সভাপতি বলেন যে, বিটিআরসি'র সাথে যোগাযোগ করে মামলার জবাব দেয়া ও এন্ট্রির বিষয়ে অতিরিক্ত সচিবকে অবহিত করতে হবে। এরপর তার নির্দেশনা মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>সার্টিফিকেশন বোর্ডের ভাইস চেয়াম্যান জানান যে, বোর্ডের চলমান কিছু মামলার বিষয়ে মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসকগণকে নির্দেশনা দিতে হবে। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন শাখাকে নির্দেশনা প্রদান করেন।<br><br>অতিরিক্ত সচিব বলেন যে, কনটেম্পট মামলাগুলোকে অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | করতে হবে।<br><br>গ) বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ডের মামলাসমূহের বিষয়ে জেলা প্রশাসকগণকে পত্র দিতে হবে।<br><br>ঘ) কনটেম্পট মামলার বিষয়ে অগ্রাধিকার ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৫. | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল:**<br><br>উপসচিব (প্রশাসন-২) জানান যে, এপিএ ও শুদ্ধাচার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে এখনও কোনো নির্দেশনা পাওয়া যায়নি। নির্দেশনা পেলে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।<br><br>সভাপতি বলেন যে, এ বিষয়ে পরবর্তী করণীয় জানতে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে মৌখিক যোগাযোগ করা যেতে পারে। | এপিএ ও শুদ্ধাচার বিষয়ে পরবর্তী করণীয় জানতে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে মৌখিক যোগাযোগ করতে হবে। | উপসচিব (প্রশাসন-২) |
| ৬. | **তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় শূন্য পদ পূরণ:**<br><br>উপসচিব (প্রশাসন-২) জানান যে, মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের নিয়োগ কার্যক্রম অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সাথে আলোচনা ও সভা অনুষ্ঠানের মাধ্যমে সম্পাদনের জন্য গত সভায় মৌখিক নির্দেশনা প্রদান করা হয়েছিল। সে পরিপ্রেক্ষিতে বর্তমান সভার আলোচ্যসূচি হতে বিষয়টি বাদ দেয়া যেতে পারে।<br><br>সভাপতি উক্ত প্রস্তাবে সম্মতি প্রদান করেন। | মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের নিয়োগ কার্যক্রম অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সাথে আলোচনা ও সভা অনুষ্ঠানের মাধ্যমে সম্পাদন করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। উপসচিব (প্রশাসন-১) |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৭. | **ডি-নথির ব্যবহার এবং সেবা পদ্ধতি সহজিকরণ, নাগরিক সেবায় উদ্ভাবন ও তথ্য বাতায়নসমূহ হালনাগাদকরণ:**<br><br>সিস্টেম অ্যানালিস্ট জানান যে, এপ্রিল/২০২৫ মাসে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে হার্ড ফাইলে নোট নিষ্পন্নের সংখ্যা ৬৭টি ও ডি-ফাইলে নোট নিষ্পন্নের সংখ্যা ৮৩টি। আলোচ্য মাসে ডি-নথির মাধ্যমে ৫৫% নোট নিষ্পত্তি করা হয়েছে। আওতাধীন দপ্তর/সংস্থার মধ্যে তথ্য কমিশনে ডি-ফাইলিংয়ের সংখ্যা অত্যন্ত কম। সভাপতি এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য কমিশনের প্রতিনিধিকে অনুরোধ জানান।<br><br>সিস্টেম অ্যানালিস্ট আরও জানান যে, মন্ত্রণালয় ও আওতাধীন বেশিরভাগ দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদ রয়েছে। শুধু ডিএফপি ও বিসিটিআই এর ওয়েবসাইট হালনাগাদ নেই। সভাপতি এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধানগণকে অনুরোধ জানান। | ক) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ডি-নথির ব্যবহার ১০০% উন্নীত করার বিষয়ে সকলকে আরও উদ্যোগী হতে হবে।<br><br>খ) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ওয়েব পোর্টাল যথাযথভাবে নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। অধিশাখা/শাখা প্রধান (সকল)<br>৪। সিস্টেম অ্যানালিস্ট |
| ৮. | **GRS সিস্টেমে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি:**<br><br>উপসচিব (প্রশাসন-১) জানান যে, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত প্রতিবেদন প্রতি মাসে সমন্বিত আকারে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়ে থাকে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থা থেকে প্রাপ্ত প্রতিবেদন প্রতি মাসে সমন্বিত আকারে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>২। উপসচিব (প্রশাসন-১) |
| ৯. | **শাখা/অধিশাখা পরিদর্শন/ব্যবস্থাপনা:**<br><br>উপসচিব (প্রশাসন-১) জানান যে, আলোচ্য মাসে বাজেট-২, প্রশাসন-৩ ও তগ-১ শাখা থেকে শাখা পরিদর্শন প্রতিবেদন পাওয়া গেছে।<br><br>সভাপতি বলেন যে, মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার শাখা পরিদর্শনে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আরও মনযোগী হতে হবে। | প্রত্যেক শাখা/অধিশাখা প্রধান কর্তৃক সচিবালয় নির্দেশমালা অনুযায়ী শাখা/অধিশাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন। দপ্তর/সংস্থার প্রধানগণও সচিবালয় নির্দেশমালার বিধান অনুযায়ী নির্ধারিত সময় অন্তর অফিস পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করবেন। | ১। শাখা/অধিশাখা প্রধান (সকল)<br>২। উপসচিব (প্রশাসন-১)<br>৩। দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ১০. | **অনিষ্পন্ন বিষয়ের তালিকা পর্যালোচনা:**<br><br>সভায় অনিষ্পন্ন বিষয়ে তালিকা পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, শুধু প্রেস-১ শাখায় একটি অনিষ্পন্ন বিষয় রয়েছে। প্রেস-১ শাখার কর্মকর্তা জানান যে, নথিটি নিষ্পত্তির প্রক্রিয়াধীন।<br><br>বিসিটিআই'র প্রধান নির্বাহী জানান যে, বিটিসিআই'র একাডেমিক কাউন্সিল, প্রজেক্টের ডিপিপি অনুমোদন ও জনবল নিয়োগে আইন মন্ত্রণালয়ের মতামতের বিষয়গুলো পেন্ডিং রয়েছে।<br><br>বেতারের মহাপরিচালক জানান যে, বেতারের বার্তা শাখার পদ সৃজনের প্রস্তাব মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে। | প্রত্যেক মাসের ২০ তারিখের পূর্বে নির্ধারিত ছক মোতাবেক অনিষ্পন্ন বিষয়ের তালিকা প্রশাসন-২ শাখায় দাখিল করতে হবে। | ১। উইং প্রধান (সকল)<br>২। দপ্তর/সংস্থা প্রধান (সকল)<br>৩। শাখা/অধিশাখা প্রধান (সকল) |

| ক্রম | বিষয় ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১১. | **বিবিধ:**<br><br>সভায় জানানো হয় যে, এপ্রিল/২০২৫ মাসে মন্ত্রণালয়ের কোনো শাখা হতে বিনষ্টযোগ্য নথির তালিকা পাওয়া যায়নি। তালিকা পাওয়ার পর কমিটি গঠনপূর্বক নথি বিনষ্টের ব্যবস্থা গ্রহণ করা হবে। | ক) প্রত্যেক শাখা তাদের নথিসমূহ শ্রেণিবিন্যাস করে বিনষ্টযোগ্য নথির তালিকা প্রশাসন-১ শাখায় জমা প্রদান করবেন। প্রশাসন-১ শাখা কমিটি গঠন করে নথি বিনষ্টের ব্যবস্থা কার্যক্রম গ্রহণ করবেন। | শাখা/অধিশাখা প্রধান (সকল) |
| | সভাপতি জানান যে, তথ্য ক্যাডারের জন্য স্বয়ংসম্পূর্ণ প্রশিক্ষণ একাডেমি স্থাপনের লক্ষ্যে জায়গা নির্বাচন করা যেতে পারে।<br><br>বিসিটিআই'র প্রধান নির্বাহী পূর্বাচল ও নিমকোর পাশে সড়ক গবেষণা ইনস্টিটিউট এর কিছু জায়গা ফাঁকা রয়েছে মর্মে জানান।<br><br>সভাপতি বলেন যে, ঢাকার মধ্যে জায়গার সংস্থান করা কঠিন। যেহেতু স্বয়ংসম্পূর্ণ প্রশিক্ষণ একাডেমি স্থাপনে অনেক জায়গা প্রয়োজন, সেহেতু ঢাকার বাইরে জায়গা দেখা যেতে পারে। | খ) তথ্য ক্যাডারের জন্য স্বয়ংসম্পূর্ণ প্রশিক্ষণ একাডেমি স্থাপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |
| | বিসিটিআই'র প্রধান নির্বাহী জানান যে, বিসিটিআই-তে অনেক যন্ত্রপাতি অকেজো রয়েছে। সেগুলোর ব্যবস্থাপনা বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন।<br><br>সভাপতি বলেন যে, অকেজো যন্ত্রপাতি বিধি অনুযায়ী কমিটি গঠন করে অকেজো ঘোষণাপূর্বক নিলামে বিক্রির উদ্যোগ নিতে হবে। | গ) যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে বিসিটিআই এর অকেজো যন্ত্রপাতি নিলামে বিক্রি করতে হবে। | প্রধান নির্বাহী, বিসিটিআই |
| | সভাপতি বলেন যে, নিমকো, পিআইবি ও বিসিটিআই এর একাডেমিক ক্যালেন্ডার পর্যালোচনা করা প্রয়োজন। সংশ্লিষ্ট সংস্থাসমূহ এ বিষয়ে অতিরিক্ত সচিবের সাথে আলোচনা করবে। | ঘ) অতিরিক্ত সচিবের সাথে আলোচনা করে নিমকো, পিআইবি ও বিসিটিআই এর একাডেমিক ক্যালেন্ডার চূড়ান্ত করতে হবে। | ১। অতিরিক্ত সচিব<br>২। মহাপরিচালক, নিমকো/পিআইবি<br>৩। প্রধান নির্বাহী, বিসিটিআই |

অতঃপর সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৫/২০২৫

মাহবুবা ফারজানা
সচিব
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা